

**মৌখিক পরীক্ষা গ্রহণের বিজ্ঞপ্তি**

নং-৪১.০১.০০০০.০০৯.১১.০০৯.১২. ১৬৬

তারিখঃ ২১-১২-১৬ খ্রিঃ


এতদ্বারা জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরের হিসাব সহকারী, মেট্রন কাম নার্স ও কেয়ারটেকার পদে জনবল নিয়োগের নিমিত্ত মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রটিই মৌখিক পরীক্ষার এডমিট কার্ড হিসেবে গণ্য হবে।

ক্রঃ নং	পদের নাম	মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান	রোল নম্বর (হতে- পর্যন্ত)	সর্বমোট
১।	হিসাব সহকারী	মৌখিক পরীক্ষা ২৪-১-২০১৬ (রবিবার), সকাল- ১০.০০ স্থান- সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।	০৪, ০৮, ১০, ১৩, ১৬, ২৮, ৩২, ৩৫, ৩৮, ৫৩, ৫৪	১১ জন
২	মেট্রন কাম নার্স	মৌখিক পরীক্ষা ২৪-১-২০১৬ (রবিবার), সকাল- ১১.০০ স্থান- সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।	১১	০১ জন
৩	কেয়ারটেকার	মৌখিক পরীক্ষা ২৪-১-২০১৬ (রবিবার), সকাল- ১১.০০ স্থান- সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।	৫৩, ৫৮, ৭১, ৮০, ৯৫, ১৭৮	০৬ জন

প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

- শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা(প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।
- জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
- শারিরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/ মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি।

প্রার্থীগণকে যথাসময়ে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো।

  
(এ কে এম খায়রুল আলম)  
যুগ্ম সচিব  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ও  
সভাপতি  
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি